



বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
কুলাউড়া, মৌলভীবাজার।
www.ecs.gov.bd

নং- ১৭.০৭.৫৮৬৫.০০০.৩২.০০১.২৪-০৬

তারিখঃ ০২ জানুয়ারি ২০২৫ খ্রি:

বিষয়ঃ ভোটারদের পরিদর্শনের (অবগতির) জন্য হালনাগাদকৃত ১ সেট খসড়া ভোটার তালিকা প্রেরণ।

সূত্রঃ ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৬.২৪(অংশ)-৩৮১ তারিখঃ ১১ ডিসেম্বর ২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলাধীন কুলাউড়া উপজেলার ২০২২ এ বাড়ি বাড়ি গিয়ে ভোটার নিবন্ধনের জন্য যাদের তথ্য সংগ্রহ করা হয়েছে এবং পরবর্তীতে অফিসে এসে যারা ভোটার তালিকাভুক্তির জন্য নিবন্ধন সম্পন্ন করেছেন তাদের হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা ০২ জানুয়ারি ২০২৫ খ্রি তারিখে প্রকাশ করা হয়েছে। সে লক্ষ্যে হালনাগাদকৃত ভোটার তালিকার উপর কারো দাবি, আপত্তি ও সংশোধন থাকলে নির্দিষ্ট ফরমের মাধ্যমে উপজেলা নির্বাচন অফিসে এবং সংশোধনকারী কর্তৃপক্ষ/রিভাইজিং অথরিটি বরাবর দরখাস্ত দাখিল করতে পারবেন। ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ১৪ হতে ২৫ অনুসরণপূর্বক হালনাগাদকৃত খসড়া প্রকাশ থেকে শুরু করে চূড়ান্ত তালিকা প্রকাশের জন্য নির্বাচন কমিশন কর্তৃক নিম্নোক্ত সময়সূচী নির্ধারণ করেছেন (কপি সংযুক্ত):

ক্রম	বিবরণ	নির্ধারিত সময়সূচী
(১)	হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশঃ	০২ জানুয়ারি ২০২৫
(২)	দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিলের শেষ তারিখঃ	১৭ জানুয়ারি ২০২৫
(৩)	সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনসমূহের নিষ্পত্তির শেষ তারিখঃ	৩০ জানুয়ারি ২০২৫
(৪)	দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশনের শেষ তারিখঃ	০৯ ফেব্রুয়ারি ২০২৫
(৫)	হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশঃ	০২ মার্চ ২০২৫

এমতাবস্থায়, হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকাটি শুদ্ধ, সুন্দর ও নির্ভুল আকারে চূড়ান্ত ভাবে প্রকাশের লক্ষ্যে আপনার.....ইউনিয়ন/পৌরসভার ১ সেট (পুরুষ ও মহিলা) খসড়া ভোটার তালিকা সর্বসাধারণের পরিদর্শনের সুবিধার্থে এতদসঙ্গে প্রেরণ করা হল এবং উক্ত হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকার কার্যক্রম শেষে অত্রাফিসে ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হল।

০২/০১/২০২৫
(আর এম শফিউল্লাহ)

উপজেলা নির্বাচন অফিসার (অ:দা:)

ও

রেজিস্ট্রেশন অফিসার

কুলাউড়া, মৌলভীবাজার

ফোনঃ ০২৯৯৬৬৮৪৫৯৩

মোবাঃ ০১৫৫০-০৪২৬৮৩

ueokulaura.ec@gmail.com

তারিখঃ ০২ জানুয়ারি ২০২৫ খ্রি:

প্রাপকঃ ১। প্রশাসক
কুলাউড়া পৌরসভা।

২। চেয়ারম্যান.....ইউপি (সকল) কুলাউড়া।

নং- ১৭.০৭.৫৮৬৫.০০০.৩২.০০১.২৪-০৬

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে/জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়:

- ১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট
- ৫। জেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার
- ৬। প্রশাসক, উপজেলা পরিষদ, কুলাউড়া, মৌলভীবাজার
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার
- ৮। প্রশাসক, কুলাউড়া পৌরসভা, কুলাউড়া, মৌলভীবাজার। (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
- ৯। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, কুলাউড়া, মৌলভীবাজার। (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
- ১০। অফিস নথি।

০২/০১/২০২৫
উপজেলা নির্বাচন অফিসার
কুলাউড়া, মৌলভীবাজার
ও
রেজিস্ট্রেশন অফিসার